

লিন্ডে বাংলাদেশ লিমিটেড

বার্ষিক সাধারণ সভার বিজ্ঞপ্তি



এতদ্বারা এই মর্মে বিজ্ঞপ্তি প্রদান করা যাচ্ছে যে, লিন্ডে বাংলাদেশ লিমিটেড-এর ৪৭তম বার্ষিক সাধারণ সভা ভার্চুয়াল ডিজিটাল প্ল্যাটফর্ম-এ আগামী ১৬ই জুন, ২০২০, রোজ মঙ্গলবার, সকাল ১১:৩০ টায় (পুনর্নির্ধারিত) অনুষ্ঠিত হবে। সভার আলোচ্যসূচী নিম্নরূপঃ

- ১। ৩১ ডিসেম্বর ২০১৯ সমাপ্ত বছরের হিসাব, অডিটরদের এবং পরিচালকমন্ডলীর প্রতিবেদন গ্রহণ ও অনুমোদন।
- ২। ৩১ ডিসেম্বর ২০১৯ সমাপ্ত বছরের জন্য লভ্যাংশ ঘোষণা।
- ৩। পরিচালক নির্বাচন।
- ৪। অডিটর নিয়োগ ও সম্মানী নির্ধারণ।
- ৫। কমপ্লায়েন্স অডিটর নিয়োগ ও সম্মানী নির্ধারণ।

পরিচালকমন্ডলীর আদেশক্রমে

আবু মোহাম্মদ নিছার
কোম্পানি সচিব
২০ ফেব্রুয়ারি ২০২০

রেজিস্ট্রিকৃত কার্যালয়
কর্পোরেট অফিস
২৮৫ তেজগাঁও শি/এ
ঢাকা ১২০৮

টীকা:

- ১। যে সকল শেয়ারহোল্ডারগণের নাম রেকর্ড ডেট ১২ মার্চ ২০২০ পর্যন্ত কোম্পানির সদস্য বহি কিংবা ডিপোজিটরী বহিতে বৈধভাবে থাকবে তাদের হস্তান্তরিত শেয়ারসমূহের জন্য উক্ত শেয়ার গ্রহীতা সাধারণ সভায় যোগদানের এবং লভ্যাংশ লাভের যোগ্য বলে বিবেচিত হবেন।
- ২। বাংলাদেশ সিকিউরিটিজ এবং এক্সচেঞ্জ কমিশনের আদেশ অনুযায়ী অর্ডার নম্বর এসইসি/এসআরএমআইসি/০৪-২৩১/৯৩২, তারিখ ২৪ মার্চ ২০২০, এজিএম সদস্যদের ভার্চুয়াল সভা হবে যা ডিজিটাল প্ল্যাটফর্ম ব্যবহার করে লাইভ ওয়েবকাস্টের মাধ্যমে পরিচালিত হবে।
- ৩। এজিএম শুরু ১ ঘন্টা আগে এবং এজিএম চলাকালীন সময়ে সদস্যগণ তাদের প্রশ্ন/মন্তব্য জমা এবং ইলেক্ট্রনিক্যাল ভোট দিতে সক্ষম হবেন। সিস্টেমে লগইন করার ক্ষেত্রে সদস্যগণ তাদের পরিচয় প্রমাণ হিসেবে এই লিংকে https://bit.ly/Linde_AGM_2020 প্রবেশ করে তাদের ১৬ সংখ্যার বেনিফিশিয়াল ওনার (বিও) আইডি/ফলিও নম্বর এবং অন্যান্য ক্রীডেনশিয়াল প্রদান করতে হবে।
- ৪। সভা শুরুর পূর্বেই আমরা সদস্যগণদের সিস্টেমে লগইন করতে উৎসাহিত করি। অনুগ্রহপূর্বক সিস্টেমে লগইন এবং সংযোগ স্থাপনের জন্য যথাযথ সময় দিয়ে সহযোগিতা করুন। ওয়েবকাস্ট সকাল সাড়ে দশ ঘটিকায় শুরু হবে। ভার্চুয়াল সভায় প্রবেশের ক্ষেত্রে প্রযুক্তিগত কোন সমস্যার সম্মুখীন হলে অনুগ্রহ করে ৮৮০২-৮৮৭০৩২২-৭ এই নম্বরে যোগাযোগ করতে অনুরোধ করা যাচ্ছে।
- ৫। বার্ষিক সাধারণ সভায় যোগদানের যোগ্য সদস্য তার পক্ষে সভায় যোগদান ও ভোট প্রদানের জন্য একজন প্রক্সি নিয়োগ করতে পারেন। নিজ অধিকারে সভায় যোগদান ও ভোট প্রদানে সক্ষম না হলে কোন ব্যক্তি প্রক্সি হিসেবে কাজ করতে পারবেন না। এজিএম শুরুর ৭২ ঘন্টার মধ্যে প্রক্সি ফর্মটি যথাযথভাবে পূরণ, স্বাক্ষরিত এবং ২০ টাকা স্ট্যাম্পযুক্ত করে লিন্ডে বাংলাদেশ লিমিটেড এর শেয়ার অফিস info.bd@linde.com এ প্রেরণ করতে হবে।

Publication in Newspaper:

News Paper	Date	Size	Page	Remarks
The Prothom Alo	01.06.20	7.2 x 2 col.	Best available position	Notice of AGM